# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৩০৯ তারিখ: ২৫ বৈশাখ, ১৪২৯ / ০৮ মে, ২০২২

বিষয়: জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬১ তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৩ তম জন্মবার্ষিকী উদযাপন প্রসেঙ্গা।

সূত্র: ১. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৮১; তারিখ: ০৮ মে ২০২২

২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পত্র সংখ্যা ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৮০.২২.৩৪৭; তারিখ: ২০ এপ্রিল ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের কার্যবিবরণীর ক (১৬) এবং খ (১৫) নং ক্রমিকে গৃহিত কর্মসূচির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ১০ (দশ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

08.05.2022

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৩০৯(৭) তারিখ: ২৫ বৈশাখ, ১৪২৯ / ০৮ মে, ২০২২

বিতরণ- জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. জেলা শিক্ষা অফিসার, (সকল) (সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধ সহ);
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২- ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

C:\Users\BMEB\Desktop\২০.৩১০ রমজান মাসে পাঠদান.Docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.২৩.০০৩.১৭.৮১ তারিখ: ২৫ বৈশাখ ১৪২৯
০৮ মে ২০২২

বিষয়: **জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬১তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপন।**

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে পত্র সংখ্যা ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৮০.২২.৩৪৭,তারিখ: ২০ এপ্রিল ২০২২

উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রারণ করা হলো। প্রেরিত কার্যবিবরণীর ক (১৬) এবং খ (১৫) নং ক্রমিকে গৃহিত কর্মসূচির আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মাঠ পর্যায়ের কারিগরি ও মাদ্রাসা স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী। (5653/potrojariAttachmentRef/29634/0/4337)

৮-৫-২০২২
এম এ আখের
উপসচিব
ইমেইল: cordtmed@gmail.com

বিতরণ :
১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
৬) অধ্যক্ষ (রুটিন দায়িত্ব), অধ্যক্ষ-এর দপ্তর , বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং
পরীক্ষা নিয়ন্ত্রক
...বিদর্শক
...শনা নিয়ন্ত্রক
...জিস্ট্রার প্রশাসন/...
... নিয়ন্ত্রক গোপ/পরীক্ষা
...কর্মকর্তা
...টার কেন্দ্র
রেজিস্ট্রার
08/16/2022

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.২৩.০০৩.১৭.৮১/১(৪) তারিখ: ২৫ বৈশাখ ১৪২৯
০৮ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) ব্যক্তিগত কর্মকর্তা , প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা -২, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৪) অফিস কপি।

DA
৮/৫/22

৮-৫-২০২২
এম এ আখের
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর' এর ১৬১তম জন্মবার্ষিকী ১৪২৯/২০২২ এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম' এর ১২৩তম জন্মবার্ষিকী ১৪২৯/২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কে এম খালিদ, এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৮ এপ্রিল ২০২২ সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : | বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা ভবনের সেমিনার হল। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন প্রতিবছরের ন্যায় এবছরেও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর' এর ১৬১তম জন্মবার্ষিকী ১৪২৯/২০২২ এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম' এর ১২৩তম জন্মবার্ষিকী ১৪২৯/২০২২ উদ্‌যাপন করা হবে। অতঃপর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ আবুল মনসুর বলেন যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় প্রতিবছর যথাযোগ্য মর্যাদায় বিশ্বকবি এবং জাতীয় কবির জন্মবার্ষিকী উপলক্ষ্যে দেশব্যাপী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে। রবীন্দ্র-নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে কর্মসূচি নির্ধারণে তিনি সকলের মতামত আহ্বান করেন। সচিব মহোদয় যুগ্মসচিব (অনুষ্ঠান) জনাব এ জে এম আব্দুল্লাহেল বাকী'কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। যুগ্মসচিব (অনুষ্ঠান) জন্মবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে পৃথকভাবে প্রণীত খসড়া কর্মসূচি চূড়ান্ত করার জন্য সভায় উপস্থাপন করেন।

০২. অতঃপর বিস্তারিত আলোচনার পর এ বছর বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর' এর ১৬১তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম' এর ১২৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) আগামী ২৫ বৈশাখ ১৪২৯/০৮ মে ২০২২ খ্রি. তারিখ রবিবার বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৬১তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি নির্ধারণ করা হয়:

| ক্রমিক | প্রস্তাবিত কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | অনুষ্ঠানের প্রতিপাদ্য বিষয় :<br>জাতীয়ভাবে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর' এর ১৬১তম জন্মবার্ষিকী উদ্‌যাপনে এবারের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করার জন্য উপস্থিত সুধীদের নিকট মতামত আহ্বান করা হলে বিগত বছরের প্রতিপাদ্য বিষয় পর্যালোচনা করে এবারের প্রতিপাদ্য বিষয় 'মানবতার সংকট ও রবীন্দ্রনাথ' নির্ধারণ করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ২. | মূল অনুষ্ঠানের স্থান ও সময় :<br>সভায় বিগত পাঁচ বছরের মূল অনুষ্ঠান কোথায় অনুষ্ঠিত হয়েছিল, তা পর্যালোচনা করা হয়। গতবছর বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬০তম জন্মবার্ষিকীর মূল অনুষ্ঠান করোনা মহামারির কারণে ডিজিটালি আয়োজন করা হয়েছিল। এ বিবেচনায় এবারের রবীন্দ্র জন্মবার্ষিকীর মূল অনুষ্ঠান ২৫ বৈশাখ ১৪২৯/০৮ মে ২০২২ খ্রি. তারিখ রবিবার বিকাল ২.৩০ টায় রবীন্দ্র স্মৃতি বিজড়িত কুষ্টিয়ার কুমারখালীতে আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>এবং<br>জেলা প্রশাসন, কুষ্টিয়া। |
| ৩. | উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি :<br>উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |

| ক্রমিক | প্রস্তাবিত কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | জানানো হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অভিপ্রায় অনুযায়ী অনুষ্ঠানের স্থান, সময় ও প্রধান অতিথির বিষয়টি চূড়ান্ত করা হবে।<br>বিশেষ অতিথি হিসেবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, সভাপতিত্ব করবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করবেন। | |
| ৪. | **অনুষ্ঠানের স্মারক বক্তা মনোনয়নঃ**<br>স্মারক বক্তা মনোনয়নের জন্য মতামত আহ্বান করা হলে অনুষ্ঠানের প্রথম দিন স্মারক বক্তা হিসেবে বেগম আকতার কামাল দ্বিতীয় দিন অধ্যাপক আবুল আহসান চৌধুরী এবং তৃতীয় দিন বাংলা একাডেমির মহাপরিচালক জনাব মুহম্মদ নুরুল হুদা-কে সর্বসম্মতিক্রমে মনোনিত করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলা একাডেমি। |
| ৫. | **উদ্বোধনী অনুষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন :**<br>উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৩০ মিনিটের সাংস্কৃতিক পর্ব থাকবে। সাংস্কৃতিক পর্বে নৃত্যনাট্যসহ জাতীয় পর্যায়ের একজন পুরুষ ও একজন মহিলা শিল্পীর পরিবেশনা থাকবে। সাংস্কৃতিক পর্ব আয়োজনের সার্বিক দায়িত্ব জেলা প্রশাসন, কুষ্টিয়া, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা এবং সংশ্লিষ্ট জেলা শিল্পকলা একাডেমি পালন করবে। | জেলা প্রশাসন, কুষ্টিয়া, বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া। |
| ৬. | **জন্মবার্ষিকী উপলক্ষ্যে স্মরণিকা ও পোস্টার মুদ্রণঃ**<br>বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর' এর ১৬১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ১০০০ স্মরণিকা ও ১০,০০০ পোস্টার মুদ্রণ করা হবে। রবীন্দ্র স্মৃতি বিজড়িত জেলাগুলোতে ৫০০টি ও অন্যান্য জেলাগুলোতে প্রতিটি উপজেলার জন্য (কমপক্ষে) ১৫টি করে পোস্টার বাংলা একাডেমি এবং গঠিত কমিটি স্মরণিকা ও পোস্টার মুদ্রণ ও বিতরণের দায়িত্ব পালন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলা একাডেমি। |
| ৭. | **জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের অংশ হিসেবে রবীন্দ্র স্মৃতি বিজড়িত স্থানসমূহে অনুষ্ঠান আয়োজন :**<br>বিশ্বকবির স্মৃতিবিজড়িত কুষ্টিয়ার শিলাইদহ, সিরাজগঞ্জের শাহ্‌জাদপুর, নওগাঁর পতিসর এবং খুলনার দক্ষিণডিহি ও পিঠাভোগে স্থানীয় প্রশাসনের ব্যবস্থাপনায় যথাযোগ্য মর্যাদায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৬১তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করবে। এ উপলক্ষ্যে রবীন্দ্রমেলা, রবীন্দ্রবিষয়ক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। রবীন্দ্রমেলা, রবীন্দ্রবিষয়ক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান জাকজমকপূর্ণ এবং উৎসবমুখর করার লক্ষ্যে ব্যাপক প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্মসূচি প্রণয়ন করে জন্মবার্ষিকী উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহণ করবে। জন্মবার্ষিকী উদ্‌যাপনের ব্যয় নির্বাহের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে আর্থিক বরাদ্দ দেওয়া হবে।<br><br>জেলা প্রশাসকগণ জেলার অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট এলাকার মাননীয় মন্ত্রী/মাননীয় সংসদ সদস্য এবং স্থানীয় রবীন্দ্রগবেষক ও সুধীমণ্ডলির সঙ্গে পরামর্শ করে অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্বাচন করবেন। তবে এ ক্ষেত্রে বিশিষ্ট রবীন্দ্র গবেষক/ শিক্ষাবিদ/ সাহিত্যিক/ সংস্কৃতিসেবীদের নির্বাচনের বিষয়টি অগ্রাধিকার দেয়ার জন্য পরামর্শ/নির্দেশনা দিতে হবে।<br><br>জেলা পর্যায়ের অনুষ্ঠানসমূহে স্মারকবক্তা হিসেবে দেশের বিশিষ্ট রবীন্দ্র গবেষক/শিক্ষাবিদ/সাহিত্যিক-কে নির্বাচন করতে হবে। | জেলা প্রশাসন, কুষ্টিয়া, সিরাজগঞ্জ, নওগাঁ এবং খুলনা। |

| ক্রমিক | প্রস্তাবিত কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| ৮. | **সাংস্কৃতিক অনুষ্ঠান, চারুকলা প্রদর্শনী ও ডকুমেন্টারী প্রদর্শনী আয়োজন :** বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৬১তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ৩দিনব্যাপী বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে সাংস্কৃতিক অনুষ্ঠান ও কবির চিত্রশিল্প প্রদর্শনীর আয়োজন করা হবে। এ অনুষ্ঠান আয়োজনের সার্বিক দায়িত্ব বাংলাদেশ শিল্পকলা একাডেমি পালন করবে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি রবীন্দ্রনাথের উপর নির্মিত ডকুমেন্টারী সংগ্রহপূর্বক মাসব্যাপী প্রচারের ব্যবস্থা করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ৯. | আলোচনা অনুষ্ঠান : ১১ মে ২০২২ খ্রি. তারিখ বুধবার বাংলা একাডেমিতে আলোচনা অনুষ্ঠান আয়োজন করবে। | বাংলা একাডেমি। |
| ১০. | **সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা অনুষ্ঠান আয়োজন:** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিশেষ আলোচনা অনুষ্ঠান/ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা। |
| ১১. | টেলিভিশন ও বেতারে অনুষ্ঠান সম্প্রচার : জাতীয় পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠানমালা বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বেসরকারি বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। অন্যান্য অনুষ্ঠান ধারণপূর্বক সম্প্রচারের জন্য বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ এবং দেশের বিশিষ্ট কবিদের স্বকণ্ঠে আবৃত্তি/ গান সংগৃহীত থাকলে তা প্রচারের ব্যবস্থা করতে হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বেসরকারি বেতার ও টেলিভিশন চ্যানেলসমূহকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার। |
| ১২. | সাজ-সজ্জাকরণ: বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকীতে কবির স্মৃতি বিজড়িত জেলাসমূহসহ সকল জেলায় বিশ্বকবির ছবি, কবিতা, পরিচিতি ও চিত্রকর্ম প্রদর্শন এবং বিভিন্ন সড়কদ্বীপসমূহে ব্যানার, ফেস্টুন, পোস্টার ও ডিজিটাল ডিসপ্লে স্থাপন করতে হবে এবং আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বাংলা একাডেমি এবং জেলা প্রশাসক (সকল)। |
| ১৩. | অন্যান্য জেলাসমূহে অনুষ্ঠান আয়োজন : যে সকল জেলায় জাতীয় কর্মসূচির অংশ হিসেবে রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হবে না, সে সকল জেলার জেলা প্রশাসকগণ স্থানীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও সুধিজনের সহযোগিতায় কমিটি গঠন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করতে হবে। স্থানীয় কমিটিতে রবীন্দ্রগবেষক, শিক্ষাবিদ, শিল্পী, সাহিত্যিক ও গুণীজন অন্তর্ভুক্ত থাকবেন। সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ অনুষ্ঠানসমূহের সার্বিক তত্ত্বাবধান করবেন। স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠান আয়োজনের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি এ বিষয়ে শিল্পকলা একাডেমির সকল জেলা শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, কমিশনার (সকল বিভাগ) জেলা প্রশাসক (সকল) এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ১৪. | অনুষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ : জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান ও অন্যান্য স্থানের অনুষ্ঠানমালার সার্বিক আইন শৃঙ্খলা নিশ্চিত করার জন্য জননিরাপত্তা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ পুলিশ, র‍্যাব এবং পুলিশ সুপার (সকল)। |

| ক্রমিক | প্রস্তাবিত কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১৫. | **অনুষ্ঠানের অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিতকরণ:** জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান ও অন্যান্য স্থানের অনুষ্ঠানমালার অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিত করার জন্য সুরক্ষা সেবা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | সুরক্ষা সেবা বিভাগ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। |
| ১৬. | **দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন :** ঢাকাসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে বিশ্বকবির জন্মবার্ষিকী আবশ্যিকভাবে উদ্‌যাপন করবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা জারি করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জন্মবার্ষিকী উদ্‌যাপনের বিষয়টি নিশ্চিত করবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ১৭. | বিশ্বকবির জন্মবার্ষিকী উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় কবি নজরুল ইন্সটিটিউটের নির্বাহী পরিচালকের তত্ত্বাবধানে রবীন্দ্র সরোবরে অনুষ্ঠান আয়োজন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, নির্বাহী পরিচালক, কবি নজরুল ইন্সটিটিউট এবং রবীন্দ্র সরোবর পরিচালনা কমিটি। |
| ১৮. | **বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন :** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় নির্দেশনা জারি করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ১৯. | বাংলা একাডেমি রবীন্দ্র জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী, সচিব ও বিশেষ অতিথিবৃন্দের বাণীর খসড়া প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্মরণিকায় প্রকাশের বিষয়টি নিশ্চিত করবে। | বাংলা একাডেমি। |

**খ) জাতীয় কমিটির সভায় আগামী ১১ জ্যৈষ্ঠ ১৪২৯/২৫ মে ২০২২ খ্রি. তারিখ বুধবার জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১২৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি নির্ধারণ করা হয়:**

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | **অনুষ্ঠানের প্রতিপাদ্য বিষয় :** জাতীয়ভাবে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপনে এবারের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করার জন্য উপস্থিত সুধীদের নিকট মতামত আহ্বান করা হলে বিগত বছরের প্রতিপাদ্য বিষয় পর্যালোচনা করে এবারের প্রতিপাদ্য বিষয় **'বিদ্রোহীর শতবর্ষ'** নির্ধারণ করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ২. | **মূল অনুষ্ঠানের স্থান ও সময় :** সভায় বিগত পাঁচ বছরের মূল অনুষ্ঠান কোথায় অনুষ্ঠিত হয়েছিল, তা পর্যালোচনা করা হয়। গতবছর জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২২তম জন্মবার্ষিকীর মূল অনুষ্ঠান করোনা মহামারির কারণে ডিজিটালি অনুষ্ঠান আয়োজন করা হয়েছিল। এ বিবেচনায় এবারের নজরুল জন্মবার্ষিকীর মূল অনুষ্ঠান ১১ জ্যৈষ্ঠ ১৪২৯/২৫ মে ২০২২ তারিখ সকাল ১১.০০ টায় নজরুল স্মৃতি বিজড়িত কুমিল্লায় আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং জেলা প্রশাসক, কুমিল্লা। |
| ৩. | **উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি ও সভাপতি :** উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অভিপ্রায় অনুযায়ী অনুষ্ঠানের স্থান, সময় ও প্রধান অতিথির বিষয়টি চূড়ান্ত করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | বিশেষ অতিথি হিসেবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, সভাপতিত্ব করবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করবেন। | |
| ৪. | **অনুষ্ঠানের স্মারক বক্তা মনোনয়ন :**<br>স্মারক বক্তা মনোনয়নের জন্য মতামত আহ্বান করা হলে অনুষ্ঠানের প্রথম দিন স্মারক বক্তা হিসেবে জনাব শান্তি রঞ্জন ভৌমিক দ্বিতীয় দিন অধ্যাপক মহীবুল আজিজ এবং তৃতীয় দিন কবি নজরুল ইন্সটিটিউটের নির্বাহী পরিচালক মোহাম্মদ জাকীর হোসেন-কে সর্বসম্মতিক্রমে মনোনীত করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৫. | **সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন :**<br>উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৩০ মিনিটের সাংস্কৃতিক পর্ব থাকবে। সাংস্কৃতিক পর্বে নৃত্যনাট্যসহ জাতীয় পর্যায়ের একজন পুরুষ ও একজন মহিলা শিল্পীর পরিবেশনা থাকবে। সাংস্কৃতিক পর্ব আয়োজনের সার্বিক দায়িত্ব জেলা প্রশাসন কুমিল্লা, বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং কবি নজরুল ইনস্টিটিউট পালন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, কবি নজরুল ইনস্টিটিউট, বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং জেলা প্রশাসন কুমিল্লা। |
| ৬. | **জন্মবার্ষিকী উপলক্ষ্যে স্মরণিকা ও পোস্টার মুদ্রণঃ**<br>জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ১০০০ স্মরণিকা ও ১০,০০০ কপি পোস্টার মুদ্রণ করা হবে। স্মৃতি বিজড়িত জেলাগুলোতে ৫০০টি ও অন্যান্য জেলাগুলোতে প্রতিটি উপজেলার জন্য (কমপক্ষে) ১৫টি করে পোস্টার কবি নজরুল ইনস্টিটিউট কর্তৃক বিতরণ করা হবে। কবি নজরুল ইনস্টিটিউটসহ গঠিত কমিটি স্মরণিকা ও পোস্টার মুদ্রণ ও বিতরণের দায়িত্ব পালন করবে। পোস্টারের ডিজাইন কবি নজরুল ইনস্টিটিউট মন্ত্রণালয় থেকে অনুমোদন করে নিবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং কবি নজরুল ইনস্টিটিউট। |
| ৭. | **জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের অংশ হিসেবে নজরুল স্মৃতি বিজড়িত স্থানসমূহে অনুষ্ঠান আয়োজন:**<br>ঢাকাসহ জাতীয় কবির স্মৃতিবিজড়িত ময়মনসিংহের ত্রিশাল, কুমিল্লার দৌলতপুর, মানিকগঞ্জের তেওতা, চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গা এবং চট্টগ্রামে স্থানীয় প্রশাসনের ব্যবস্থাপনায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর ১২৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হবে। এ উপলক্ষ্যে নজরুল মেলা, নজরুলবিষয়ক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। নজরুল মেলা, নজরুলবিষয়ক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান জাকজমকপূর্ণ এবং উৎসবমুখর করার লক্ষ্যে ব্যাপক প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক বিভিন্ন কর্মসূচি প্রণয়ন করে জন্মবার্ষিকী উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহণ করবে। জন্মবার্ষিকী উদ্‌যাপনের ব্যয় নির্বাহের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে আর্থিক বরাদ্দ প্রদান করা হবে।<br>জেলা প্রশাসকগণ জেলার অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট এলাকার মাননীয় মন্ত্রী/মাননীয় সংসদ সদস্য এবং স্থানীয় নজরুল গবেষক ও সুধীমণ্ডলির সঙ্গে পরামর্শ করে অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্বাচন করবেন। তবে এই ক্ষেত্রে বিশিষ্ট নজরুল গবেষক/ শিক্ষাবিদ/ সাহিত্যিক/ সংস্কৃতিসেবীদের নির্বাচনের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাথে আলোচনাক্রমে জেলা পর্যায়ের অনুষ্ঠানসমূহে স্মারকবক্তা হিসেবে দেশের বিশিষ্ট নজরুল গবেষক/শিক্ষাবিদ/ সাহিত্যিক-কে নির্বাচন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং জেলা প্রশাসক ময়মনসিংহ, চট্টগ্রাম, কুমিল্লা, মনিকগঞ্জ, চুয়াডাঙ্গা। |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৮. | **সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা অনুষ্ঠান আয়োজন :**<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিশেষ আলোচনা অনুষ্ঠান/ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| ৯. | **কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণ :**<br>১১ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৫ মে ২০২২ খ্রি. তারিখ বুধবার সকাল ৬:৩০ টার মধ্যে মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের নেতৃত্বে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, কবি নজরুল ইন্সটিটিউটসহ মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকায় অবস্থিত অন্যান্য দপ্তর/সংস্থাসমূহ কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন ঢাকায় অবস্থিত দপ্তর/সংস্থা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ১০. | **টেলিভিশন ও বেতারে অনুষ্ঠান সম্প্রচার :**<br>জাতীয় পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠানমালা বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বেসরকারি বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। অন্যান্য অনুষ্ঠান ধারণপূর্বক সম্প্রচারের জন্য বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ এবং দেশের বিশিষ্ট কবিদের স্বকণ্ঠে আবৃত্তি/ গান সংগৃহীত থাকলে তা প্রচারের ব্যবস্থা করতে হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বেসরকারি বেতার ও টেলিভিশন চ্যানেলসমূহকে এ বিষয়ে নির্দেশনা করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার। |
| ১১. | **সাজ-সজ্জাকরণ:**<br>জাতীয় কবির জন্মবার্ষিকীতে কবির স্মৃতি বিজড়িত জেলাসমূহসহ সকল জেলায় বিশ্বকবির ছবি, কবিতা, পরিচিতি ও চিত্রকর্ম প্রদর্শন এবং বিভিন্ন সড়কদ্বীপসমূহে ব্যানার, ফেস্টুন, পোস্টার ও ডিজিটাল ডিসপ্লে স্থাপন করতে হবে এবং আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন জেলা প্রশাসক (সকল)এবং কবি নজরুল ইন্সটিটিউট। |
| ১২. | **অন্যান্য জেলাসমূহে অনুষ্ঠান আয়োজন :**<br>যে সকল জেলায় জাতীয় কর্মসূচির অংশ হিসেবে নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপন করা হবে না, সে সকল জেলার জেলা প্রশাসকগণ স্থানীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও সুধীজনের সহযোগিতায় কমিটি গঠন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করবে। স্থানীয় কমিটিতে নজরুল গবেষক, শিক্ষাবিদ, শিল্পী, সাহিত্যিক ও গুণীজন অন্তর্ভুক্ত থাকবেন। সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ অনুষ্ঠানসমূহের সার্বিক তত্ত্বাবধান করবেন। স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠান আয়োজনের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি এ বিষয়ে শিল্পকলা একাডেমির সকল জেলা শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, কমিশনার (সকল বিভাগ) জেলা প্রশাসক (সকল) এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ১৩. | **অনুষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ :**<br>জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান ও অন্যান্য সকল স্থানের অনুষ্ঠানমালার সার্বিক আইন শৃঙ্খলা নিশ্চিত করার জন্য জননিরাপত্তা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ পুলিশ,র‍্যাব এবং পুলিশ সুপার (সকল)। |
| ১৪. | **অনুষ্ঠানের অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিতকরণ:**<br>জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান ও অন্যান্য অনুষ্ঠান স্থানের অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিত করার জন্য সুরক্ষা সেবা বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | সুরক্ষা সেবা বিভাগ ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১৫. | **দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপন :** ঢাকাসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে জাতীয় কবির জন্মবার্ষিকী আবশ্যিকভাবে উদ্‌যাপন করবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা জারি করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জন্মবার্ষিকী উদ্‌যাপনের বিষয়টি নিশ্চিত করবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| ১৬. | বিশ্বকবির জন্মবার্ষিকী উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় কবি নজরুল ইন্সটিটিউটের নির্বাহী পরিচালকের তত্ত্বাবধানে রবীন্দ্র সরোবরে অনুষ্ঠান আয়োজন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, নির্বাহী পরিচালক, কবি নজরুল ইন্সটিটিউট এবং রবীন্দ্র সরোবর পরিচালনা কমিটি। |
| ১৭. | **স্মরণিকা ও পোস্টার মুদ্রণ :** জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'এর জন্মবার্ষিকী উপলক্ষ্যে কবি নজরুল ইনস্টিটিউট বাংলা একাডেমির সহযোগিতায় স্মরণিকা ও পোস্টার মুদ্রণের ব্যবস্থা করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, কবি নজরুল ইনস্টিটিউট এবং বাংলা একাডেমি। |
| ১৮. | **বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপন :** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কবি নজরুল ইনস্টিটিউট। |
| ১৯. | কবি নজরুল ইন্সটিটিউট জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী, সচিব ও বিশেষ অতিথিবৃন্দের বাণীর খসড়া প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্মরণিকায় প্রকাশের বিষয়টি নিশ্চিত করবে। | কবি নজরুল ইন্সটিটিউট। |

বিবিধ উপকমিটি গঠন : রবীন্দ্র ও নজরুল জন্মবার্ষিকী সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয়তার নিরিখে বিভিন্ন উপকমিটি গঠন করা যেতে পারে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.৪.২২

কে এম খালিদ এমপি
প্রতিমন্ত্রী

স্মারক নং- ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৮০.২২. ৬৪৭ তারিখ: ০৭ বৈশাখ ১৪২৯ / ২০ এপ্রিল ২০২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৫. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
১২. উপাচার্য, কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ;
১৩. উপাচার্য, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, শাহজাদপুর, সিরাজগঞ্জ;
১৪. জনাব আহমদ রফিক, সভাপতি রবীন্দ্র চর্চা কেন্দ্র ও রবীন্দ্র গবেষক, অপরাজিতা, ৬ষ্ঠ তলা, ২০/সি, নিউ ইস্কাটন, ঢাকা;
১৫. ড. সন্‌জীদা খাতুন, সভাপতি, ছায়ানট, আদিত্য, ডি/৭, বাড়ী নং-৮/এ, ১২/ক, সড়ক-১৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯;
১৬. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৭. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ,
১৮. মহাপরিচালক, র‌্যাব, উত্তরা ঢাকা;
১৯. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২০. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগরভবন, ঢাকা;
২১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা;
২২. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা;
২৩. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা;
২৪. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা;
২৫. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
২৬. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
২৭. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
২৮. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা;
২৯. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা;
৩০. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা;
৩১. নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, ধানমন্ডি, ঢাকা;
৩২. ডীন, চারুকলা ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩৩ ড. সৈয়দ মঞ্জুরুল ইসলাম অধ্যাপক, ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়;
৩৪. অধ্যাপক বেগম আখতার কামাল, অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়;
৩৫. শিল্পী হাশেম খান, চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা;
৩৬ জনাব মুন্তাসির মামুন, অধ্যাপক, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩৭. যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩৮ জেলা প্রশাসক (সকল);
৩৯. রেজিষ্ট্রার, কপিরাইট অফিস, ঢাকা;
৪০. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;

৪১. জনাব রামেন্দু মজুমদার, মাতৃছায়া, ২০/২, সেন্ট্রাল রোড, ঢাকা;
৪২. জনাব তপন মাহমুদ, সভাপতি, সংগীত সংগঠন সমন্বয় পরিষদ, বাড়ি: ৮১-৮৩, ফ্ল্যাট: সি৩, ব্লক:বি, রোড:৪, নিকেতন, গুলশান-১, ঢাকা;
৪৩. জনাব নাসির উদ্দিন ইউসুফ, সভাপতি, ইন্টারন্যাশনাল থিয়েটার ইনস্টিটিউট, চারুবিথি, ফ্ল্যাট-৮/এ, বাসা-২২, সড়ক-১৩৩, গুলশান-২, ঢাকা;
৪৪. জনাব মফিদুল হক, ট্রাস্টি, মুক্তিযুদ্ধ জাদুঘর, সাহিত্য প্রকাশ, ৮৭ পুরানা পল্টন লাইন, পল্টন টাওয়ার (পুল পাড়), ৭ম তলা, ঢাকা;
৪৫. জনাব গোলাম কুদ্দুস, সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট, রোজ ভিউ প্লাজা, হাতিরপুল, ঢাকা;
৪৬. সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন, ৫২৭/১৩ নয়াটোলা, মগবাজার, ঢাকা;
৪৭. জনাব সালাউদ্দিন বাদল, সভাপতি, জয়বাংলা সাংস্কৃতিক ঐক্যজোট, ৭ উত্তর মৈষুন্ডি, টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা;
৪৮. সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক ও পরিবেশক সমিতি ও সদস্য, পরিচালনা বোর্ড বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা;
৪৯. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ আবৃত্তি সমন্বয় পরিষদ, ভবন-২, এপার্টমেন্ট-৫০৪, ১৬৯, গ্রীণ রোড, ঢাকা;
৫০. জনাব মোহাম্মদ আবদুল কাউয়ুম, প্রাক্তন অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় ও নজরুল গবেষক, ১৬৯ লরেন ভিস্তা, ফ্ল্যাট:জি/৮, এলিফ্যান্ট রোড, ঢাকা;
৫১. অধ্যক্ষ, সরকারি সংগীত মহাবিদ্যালয়, আগারগাঁও, ঢাকা;
৫২. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
৫৩ মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা;
৫৪. জনাব ফেরদৌসী রহমান, বাড়ি:২৯, ব্লক:সি, রোড:৬, মেলোডি গার্ডেন, ঢাকা;
৫৫. সৈয়দ হাসান ইমাম, ফ্ল্যাট: ৭ এ/বি, সাঈদা গার্ডেন, ৮৬ বড় মগবাজার, ঢাকা;
৫৬ জনাব সাদি মোহাম্মদ, সি ১২/১০, তাজমহল রোড, মোহাম্মদপুর, ঢাকা;
৫৭. জনাব রেজওয়ানা চৌধুরী বন্যা, মিতালী এপার্টমেন্ট, ৫/বি, ২/৭, ব্লক:বি, লালমাটিয়া, ঢাকা;
৫৮ জনাব পাপিয়া সারোয়ার, রোড: ১৫, বাড়ি:২৪, লেক ভ্যালী, ধানমন্ডি, ঢাকা;
৫৯. জনাব খালিদ হোসেন, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ২০/১৪, তাজমহল রোড, ব্লক-সি, মোহাম্মদপুর, ঢাকা;
৬০. জনাব শাহীন সামাদ, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, বাড়ি-৫২, ফ্লাট-৫এ, রোড-২, ডিওএইচএস, বনানী, ঢাকা;
৬১. ড. লীনা তাপসী, প্রফুল্ল, সুফিয়া কামাল হল, কলেজ রোড, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৬২. জনাব মোবারক হোসেন খান, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ১৩০/১, ওয়াপদা রোড, পশ্চিম রামপুরা, ঢাকা;
৬৩ জনাব খাইরুল আনাম শাকিল, প্রিস্টিনভিল, বি ৮/বি ৯, বাড়ি-৭৯-৮০, রোড:২, ব্লক-এ, বসুন্ধরা আ/এ, ঢাকা;
৬৪. বেগম খিলখিল কাজী, বাড়ি: ৩৮, ব্লক:ই, সড়ক:১২, বনানী, ঢাকা;
৬৫. বেগম শিমুল ইউসুফ, চারুবিথি, ফ্ল্যাট-৮/এ, বাসা-২২, সড়ক-১৩৩, গুলশান-২, ঢাকা;
৬৬ জনাব মামুনুর রশীদ, বাড়ি-৯৭, সড়ক-৯/এ, ধানমণ্ডি আ/এ, ঢাকা;
৬৭. বেগম মিনু হক, রোড নং- ১১৮, হাউজ নং-১০, ফ্লাট নং- ৫০১, গুলশান, ঢাকা; এবং
৬৮ সভাপতি, বুলবুল ললিতকলা একাডেমী, ৭ ওয়াইজঘাট, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে এবং কার্যার্থে :

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. সিনিয়র তথ্য কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৩. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
৫. অফিস কপি।

20.4.2022
বাবুল মিয়া
উপসচিব